



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail : info@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd

স্মারক : চশিবো/পরী-উমা/পরি-২৮(অংশ-৬)/২০০০/১৬০৪(১১৭)

তারিখ: ১১/১১/২০২১

**বিষয় : এইচএসসি পরীক্ষা-২০২১ এর মতবিনিময় সভা ও পরীক্ষা সামগ্রী গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর আওতাধীন ২০২১ সালের এইচএসসি পরীক্ষার কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো যাচ্ছে যে-


ক) এইচএসসি পরীক্ষা-২০২১ সূষ্ঠ, সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে এক মতবিনিময় সভা আগামী ১৮/১১/২০২১ তারিখ, বৃহস্পতিবার, সকাল ১০.৩০টায় বোর্ড ভবনের নবম তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। যথাসময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হল।

খ) ২০২১ সালের এইচএসসি পরীক্ষার উত্তরপত্র ও অন্যান্য পরীক্ষা সামগ্রী নিম্নলিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধিকে অফিস ১লাকালীন বর্ণিত তারিখে মালামাল গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

ক্রম	জেলার নাম	তারিখ
১	কক্সবাজার তিন পার্বত্য জেলা ও সন্দ্বীপ উপজেলা	১৮/১১/২০২১
২	চট্টগ্রাম উত্তর জেলা	২১/১১/২০২১
৩	চট্টগ্রাম দক্ষিণ জেলা	২২/১১/২০২১
৪	চট্টগ্রাম মহানগর	২৫/১১/২০২১

উল্লেখ্য যে, কেন্দ্র নবায়ন ফি- ২০০০/- (দুই হাজার) টাকা এবং নতুন কেন্দ্র ফি ৩০০০/- (তিন হাজার) টাকা জমাদানের রশিদ মালামাল গ্রহণের সময় প্রদর্শন করতে হবে।

গ) এইচএসসি পরীক্ষা-২০২১ এর পরীক্ষার্থীদের প্রবেশপত্র এবং স্বাক্ষরলিপি সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে মোবাইলে প্রেরিত Username এবং Password ব্যবহার করে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)) থেকে ২৪/১১/২০২১ তারিখ হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরীক্ষার্থীদের প্রবেশপত্র A-4 সাইজের ন্যূনতম ১০০ গ্রাম অফসেট কাগজে (রঙ্গিন প্রিন্ট) এবং স্বাক্ষরলিপি লিগ্যাল সাইজের কাগজে প্রিন্ট দিতে হবে।

  
১১/১১/২১

(নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন- ০২৩৩৪৪৫৩১৪৫, ফ্যাক্স :০২৩৩৪৪৫৩১৫১।

Email : ce@bise-ctg.gov.bd

প্রাপক :

এ শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা  
এইচএসসি পরীক্ষা-২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল -

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা।
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৪। পি.এস. টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্রবোর্ড।
- ৫। অফিস কপি।